সমকাল

তারিখ ... 11 JUN 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে কর্মশালা

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরে জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সিনেট হলে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর শিক্ষার মানোন্নয়নে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নাধীন কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় রাষ্ট্রবিজ্ঞান বিষয়ের ওপর শনিবার দিনভর কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় বাংলাদেশের রাজনৈতিক উন্নয়ন : ১৯৭১ থেকে বর্তমান শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আল-মাসুদ হাসানুজ্জামান। আলোচনায় অংশ নেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক ড. গোবিন্দ চক্রবর্তী, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। রাষ্ট্রবিজ্ঞানবিষয়ক এ কর্মশালায় ৩২ জন কলেজ প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর কেন্দ্রের ডিন অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন এতে সভাপতিত্ব করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর